কম্পিউটার তথা তথ্য প্রযুক্তিকে সফল ও সুন্দরভাবে ব্যবহার করতে চাইলে টিপস ও ট্রিকস-এর কোনো বিকল্প নেই। এসব টিপস-এর সাহায্যে অল্প পরিশ্রমে কঠিন কাজ করা যায়, তেমনি যায় বিভিন্ন সমস্যা সমাধানের মাধ্যমে কম্পিউটিং অভিজ্ঞতায় নতুন মাত্রা যোগ করা। সি নিউজ-এর **'টিপস এন্ড ট্রিকস'** নামের এই বিভাগটির উদ্দেশ্য হল পাঠকদেরকে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত নতুন নতুন টিপস ও ট্রিকসের সঙ্গে পরিচয় করিয়ে দেয়া। নিয়মিত চোখ রাখুন টিপস এন্ড ট্রিকস পাতায়। তাহলেই আপনার কম্পিউটার ব্যবহার হয়ে উঠবে আরো অর্থবোধক, আরো কার্যকর।

ফেসবুকে পিসি টিপস গ্রুপ

সম্প্রতি ফেসবুকে 'পিসি টিপস অ্যান্ড ট্রিক্স' নামে একটি গ্রুপ চালু হয়েছে। এতে যোগ দিয়ে কম্পিউটারের বিভিন্ন টিপস জানা যাবে, নিজের জানা যেকোনো পিসি টিপস শেয়ার করা যাবে। গ্রুপটির ঠিকানা-
http://facebook.com/group.php?gid=106997009343669 ।

উইন্ডোজের গুরুত্বপূর্ণ তিনটি ইউটিলিটির বিকল্প ব্যবহার

উইন্ডোজ অপারেটিং সিস্টেমে ভাইরাস বা স্পাইঅয়্যার আক্রান্ত হলে সাধারণত রেজিস্ট্রি এডিটর, এমএস কনফিগার, টাস্ক ম্যানেজার এই তিনটি গুরুত্বপূর্ণ ইউটিলিটিকে অকেজো করে দেয়। তাই আপনি যদি উইন্ডোজের সিস্টেম ফোল্ডারের পরিবর্তে অন্য জায়গায় রেখে এই তিনটি ইউটিলিটি ব্যবহার করেন তাহলে এ সমস্যা অনেকটাই দূর হবে।

এ জন্য xp EmergencyUtils নামের ১১ কিলোবাইটের প্রোগ্রামটি http://mediafire.com/?tzmynmbnwgx ঠিকানার ওয়েবসাইট থেকে নামিয়ে নিন। এখন জিপ ফাইলটি আনজিপ করুন। এখন xp EmergencyUtils প্রোগ্রামে দুই ক্লিক দিন এবং Create Copies অপশনে ক্লিক করুন। এখন সি ড্রাইভে গিয়ে দেখুন EmergencyUtils নামের একটি ফোল্ডার তৈরি হয়ে গেছে, এই ফোল্ডারের ভেতর Copy_of_Taskmgr.exe, Copy_of_MSConfig.exe, Copy_of_Regedit.com নামে রেজিস্ট্রি এডিটর, এমএস কনফিগ ও টাস্ক ম্যানেজারের ব্যাকআপ কপি তৈরি হয়েছে। এই ইউটিলিটি প্রোগ্রামগুলো আপনি উইন্ডোজের মূল প্রোগ্রামের বিকল্প হিসেবে ব্যবহার করতে পারবেন।

সব প্রোগ্রাম ঠিক রেখে কম্পিউটার বন্ধ করুন

সাধারণত অনেক সময়ে একসঙ্গে একাধিক প্রোগ্রামে কাজ করার সময় দ্রুত কম্পিউটার বন্ধের প্রয়োজন হয়। যাকে হাইবারনেশন বলে। হাইবারনেশন হল উইন্ডোজের একটি বিল্ড-ইন ফিচার। উইন্ডোজ চলন্ত অবস্থায় যদি সব প্রোগ্রাম একই অবস্থায় রেখে কম্পিউটার বন্ধ করতে হয়, তখন হাইবারনেশন ব্যবহার করা হয়। এতে সব প্রোগ্রাম সংরক্ষণ (সেভ) হয়ে কম্পিউটার বন্ধ হয়ে যাবে এবং পরবর্তী সময়ে সব চালু করা প্রোগ্রাম রিস্টোর হবে।

হাইবারনেশন চালু করার জন্য আপনার কম্পিউটারের অ্যাডমিনিস্ট্রেটরে লগইন করুন। এবার Start button-এ ক্লিক করে Control Panel-এ যান। এবার Control Panel থেকে Power Options-এ যান। এবার যে উইন্ডোটা খুলবে, সেখান ওপরের দিকে বেশ কিছু ট্যাব থেকে হাইবারনেট ট্যাবে ক্লিক করুন। তবে আপনার উইন্ডোজ হাইবারনেশন অপশন সমর্থন না করলে হাইবারনেশন ট্যাব থাকবে না। যখন হাইবারনেট ট্যাবে আসবে তখন Enable hibernation নামের চেক বক্সে টিক চিহ্ন দিয়ে Apply করে Ok করে হাইবারনেশন এনাবল করুন। এবার কম্পিউটারে হাইবারনেশন চালু করতে Start button এ গিয়ে Turn off Computer-এ ক্লিক করুন। যখন Turn off Computer ডায়ালগ বক্স আসবে তখন কিছুক্ষণের জন্য Shift বাটনটি চেপে ধরুন। দেখবেন Stand By এর জায়গায় Hibernate এসে গেছে। এই বার হাইবারনেশন করার জন্য এই Hibernate বাটনে ক্লিক করুন।

ডান ক্লিকে যোগ করুন কমান্ড অপশন

উইন্ডোজ অপারেটিং সিস্টেমে বিভিন্ন কাজের প্রয়োজনে আমরা কমান্ড অপশন ব্যবহার করে থাকি। আপনি ইচ্ছা করলে মাউসের ডান ক্লিকে কমান্ড অপশন যুক্ত করতে পারেন। এ জন্য Start/Run-এ গিয়ে notepad লিখে ইন্টার চাপুন। নোটপ্যাড খুলবে। এবার নোটপ্যাডে নিচের কোডটি হুবহু লিখুন–

```
Windows Registry Editor Version 5.00
[HKEY_CLASSES_ROOT\Drive\shell\cmd]
@=”Command Prompt”
[HKEY_CLASSES_ROOT\Drive\shell\cmd\command]
@=”cmd.exe /k \”cd %L\””
[HKEY_CLASSES_ROOT\Directory\shell\cmd]
@=”Command Prompt”
[HKEY_CLASSES_ROOT\Directory\shell\cmd\command]
@=”cmd.exe /k \”cd %L\””
[HKEY_LOCAL_MACHINE\SOFTWARE\Classes\CLSID\{20D04FE0-3AEA-1069-A2D8-08002B30309D}\shell\cmd]
@=”Command Prompt”
[HKEY_LOCAL_MACHINE\SOFTWARE\Classes\CLSID\{20D04FE0-3AEA-1069-A2D8-08002B30309D}\shell\cmd\command]
@=”cmd.exe /k \”cd %L\””
```

এখন File/Save as থেকে All files নির্বাচিত করুন Save as type হিসেবে। সবশেষে এটি command.reg নামে সেভ করুন। খেয়াল করুন, নতুন একটি রেজিস্ট্রি আইকন তৈরি হয়েছে। এই আইকনে ক্লিক করে yes/ok নির্বাচিত করুন। এখন যেকোনো ফোল্ডারে মাউস রেখে ডান ক্লিক করে দেখুন command prompt নামের নতুন একটি অপশন এসেছে।

ইন্টারনেট এক্সপ্লোরার সাজিয়ে নিন

ইন্টারনেটে ওয়েবসাইট দেখার সফটঅয়্যার ইন্টারনেট এক্সপ্লোরারে ব্যক্তিগত অনেক কিছু যোগ করা যায়। এ জন্য শুরুতে Start মেন্যু থেকে Run-এ গিয়ে gpedit.msc লিখে OK করুন। এবার Group Policy ডায়ালগ বক্সটি খুলবে।

এখান থেকে Windows setting>Internet Explorer Maintenance>Browser User Interface-এ যান। এখানে প্রথমে Browser Title থেকে Customize Title Bars-এ টিক চিহ্ন দিয়ে নিচে আপনার নাম লিখুন। দেখবেন Internet Explorer-এ টাইবেল বারে নাম দেখা যাচ্ছে। এবার Custom Logo ডায়ালগ বক্সটি খুলে এর Customize the static logo bitmaps ও Customize the animated bitmaps-এ টিক চিহ্ন দিন এবং আপনার পছন্দমত লোগো ও অ্যানিমেশন যোগ করুন। logo বা animation অবশ্যই 22×22 বা 38×38 পিক্সেলের এবং bmp ফরম্যাটে হতে হবে। এ ছাড়া Browser Toolbar Customizations গিয়ে Customize toolbar

background bitmap-এ টিক চিহ্ন দিয়ে আপনার ইচ্ছামতো যেকোনো ছবি সংযুক্ত করতে পারবেন। এ ছাড়া আপনি এর নিচে Buttons বক্সে আপনার সুবিধামতো Buttons তৈরি করে ব্রাউজারকে আরও আকর্ষণীয় করতে পারেন।

স্বয়ংক্রিয়ভাবে সিডি ট্রে অপশন

উইন্ডোজ এক্সপি থেকে সিডি-ডিভিডি ট্রে বের করার জন্য আমরা সাধারণত মাউস দিয়ে Eject অপশনটি ব্যবহার করি। কিন্তু সিডি-ডিভিডির ট্রের জন্য উইন্ডোজ এক্সপিতে মাউসের কোনো অপশন নেই। তবে ইচ্ছে করলে আপনি এই অপশনটি তৈরি করে নিতে পারেন। এ জন্য http://ziddu.com/download/9672901/Cdtray.zip.html ঠিকানার ওয়েবসাইট থেকে মাত্র ৩০ কিলোবাইটের Cd tray নামের জিপ ফাইলটি নামিয়ে নিন (ডাউনলোড)। এখন জিপ ফাইলটি আনজিপ করলে closetrayreg ও closetraycmd নামের দুটি ফাইল পাওয়া যাবে। প্রথমে closetraycmd ফাইলে দুই ক্লিক দিন এবং Copy To Windows Directory/Yes/OK অপশনে ক্লিক করুন। এখন closetrayreg ফাইলে দুই ক্লিক দিন এবং Yes/OK দিন। এখন My Computer-এ গিয়ে সিডি-ডিভিডি ড্রাইভের আইকনে ডান ক্লিক করলে closetray অপশন দেখতে পাবেন। সিডি ট্রেতে সিডি রেখে closetray অপশনে ক্লিক করলেই স্বয়ংক্রিয়ভাবে সিডি ট্রে ভেতরে চলে যাবে।

গুগলের ফন্ট সার্ভিস

গুগল সম্প্রতি ফন্ট সার্ভিস চালু করেছে। ফলে ওয়েবসাইটে নান্দনিক স্টাইলের ফন্ট ব্যবহার করা যাবে। ব্যবহারকারীর কম্পিউটারে কোনো ফন্ট না থাকলেও চলবে। এ জন্য গুগলের ফন্ট ডিরেক্টরির ফন্ট ব্যবহার করতে হবে। ঠিকানা হচ্ছে www.code.google.com/webfonts। এখানকার যে ফন্টটি ওয়েবপেজে ব্যবহার করতে চান, সেটির ওপর ক্লিক করে Get the code-এ ক্লিক করুন, তাহলে ব্যবহারের নিয়ম ও সংকেত আসবে।

পছন্দের প্রোগ্রাম থাকবে সবচেয়ে ওপরে

কিছু কিছু প্রোগ্রামে 'Always on Top' নামের একটি সুবিধা আছে, ফলে ওই প্রোগ্রামটিকে অন্যান্য চলতি প্রোগ্রামের ওপর রাখা যায়। কিন্তু যেসব প্রোগ্রামে 'Always on Top' সুবিধা নেই, সেগুলোকে ওপরে রাখা যায় না। তবে ডেস্কপিনস নামের ৯৬ কিলোবাইটের ফ্রিঅয়্যার একটি সফটঅয়্যার দ্বারা এই সুবিধা পাওয়া যায়। সফটঅয়্যারটি www.snapfiles.com/get/deskpins.html থেকে ডাউনলোড করে ইনস্টল করে নিন। এবার সফটঅয়্যারটি চালু করলে সিস্টেমট্রেতে একটি পিনের আইকন আসবে। এই আইকনে ক্লিক করলে মাউস পয়েন্টারটি পিন হবে, এখন যে সক্রিয় প্রোগ্রামের টাইটেলবারে পিনটি দ্বারা ক্লিক করবেন, সেই প্রোগ্রামটি পিনআপ হবে এবং 'Always on Top' হিসেবে ব্যবহৃত হবে। 'Always on Top' বাদ দিতে চাইলে টাইটেলবারের লাল পিনের ওপর ক্লিক করলেই হবে।

উইন্ডোজ এক্সপিতে উইন্ডোজ ৭-এর শব্দ

উইন্ডোজ এক্সপিতে ইচ্ছে করলে আপনি উইন্ডোজ ৭-এর সাউন্ড ইফেক্ট ব্যবহার করতে পারেন। এ জন্য http://ziddu.com/download/9722389/Windows_7_SoundsPackwww.biggani.tk.exe.html ঠিকানার ওয়েবসাইট থেকে উইন্ডোজ ৭-এর সাউন্ডপ্যাকটি নামিয়ে নিন (ডাউনলোড)। এখন সাউন্ডপ্যাকটি ইনস্টল করুন। এবার কম্পিউটার পুনরার চালু (রিস্টার্ট) করলেই উইন্ডোজ ৭-এ ব্যবহৃত শব্দ শোনা যাবে।

মুছে ফেলুন ভুল Run কমান্ড

অনেক সময় উইন্ডোজের Run কমান্ডে আমরা ভুল কমান্ড লিখে ফেলি। কিন্তু পরে আর সে ভুল কমান্ড Run থেকে সরানো যায় না। ইচ্ছে করলে খুব সহজেই Run-এ লেখা যেকোনো কমান্ড মুছতে পারেন। এ জন্য Star/run-এ গিয়ে Regedit লিখে Enter চাপুন। এখন HKEY_USERS\.Default\Software\Microsoft\Windows\CurrentVersion\Explorer\RunMRU অপশনে যান। দেখুন ডানপাশে রান কমান্ডের একটা তালিকা দেখা যাচ্ছে। এখান থেকে ভুল কমান্ড মুছতে কমান্ডটি নির্বাচন করে মাউসের ডান ক্লিক দিয়ে delete দিন।

ইউপিএস থেকে বাড়তি সুবিধা

আপনি চাইলে ইউপিএসের কাছ থেকে সুবিধা নিতে পারেন। সাধারণত বিদ্যুৎ চলে গেলে একটি ইউপিএস ১৫-২০ মিনিট বিদ্যুৎ সরবরাহ করতে পারে। কিন্তু কোনো কাজ যদি এ সময়ের মধ্যে শেষ বা সেভ করতে না পারেন, তবে এ ক্ষেত্রে উইন্ডোজ অপারেটিং সিস্টেমের হাইবারনেট সুবিধা আপনাকে বাঁচাবে। কম্পিউটারকে ঘুম পাড়াবে। হাইবারনেট করতে প্রথমে ডেস্কটপে মাউসের ডান ক্লিক করে Properties-এ যেতে হবে। সেখান থেকে Screen saver select করে Power-এ ক্লিক করুন।

তারপর Hibernate select করে Enable Hibernatc-এ টিক চিহ্ন দিয়ে OK করুন। আবার Power বাটনে ক্লিক করে Advanced Select করতে হবে। এখন When ও press the sleep button-এ Hibernate select করে OK করুন। যাদের কিবোর্ডে স্লি-প বোতাম নেই, তারা When ও press the power button-এ Hibernabe select করতে হবে। এখন যদি বিদ্যুৎ চলে যায়, তবে Sleep চাপতে হবে (কারও কিবোর্ডে এ বোতামটি না থাকলে কম্পিউটারের Power বোতামটি চাপুন। একটু লক্ষ্য করলে দেখতে পারবেন, কম্পিউটার হাইবারনেটে চলে গেছে। এমন অবস্থায় কম বিদ্যুৎ খরচে কম্পিউটার চালু থাকে। হাইবারনেটের বেশি সময় কম্পিউটার সচল রাখতে চাইলে মনিটর বন্ধ করে রাখতে হবে এবং বিদ্যুৎ চলে এলে কম্পিউটার চালু করুন।

মাইক্রোসফটের ডাউনলোড ম্যানেজার

ইন্টারনেট থেকে কোনো কিছু নামানোর (ডাউনলোড) জন্য আমরা অনেক সময় ডাউনলোড ম্যানেজারের সাহায্য নিই। সম্প্রতি মাইক্রোসফট বাজারে ছেড়েছে তাদের নিজস্ব ডাউনলোড ম্যানেজার। মাইক্রোসফট ডাউনলোড ম্যানেজার নামের এ সফটঅয়্যারটি মাইক্রোসফটের (www.microsoft.com) ঠিকানার ওয়েবসাইটে পাওয়া যাবে।

ফায়ারফক্সে ক্রিকেটের স্কোর দেখা

ক্রিকেট খেলার চলতি স্কোর বিভিন্ন ওয়েব সাইট থেকে দেখা যায়। কিন্তু কোন ওয়েব সাইটে না ঢুকেই যদি ফায়ারফক্সের স্ট্যাটাস বারে ক্রিকেটের চলতি স্কোর দেখা যায় তাহলে কেমন হয়! স্কোরওয়াচ নামের একটি অ্যাড-অন্স ইনস্টল করে এই সুবিধা পাওয়া যায়। এজন্য https://addons.mozilla.org/en-US/firefox/addon/4699 থেকে অ্যাড-অন্স ইনস্টল করে ফায়ারফক্স রিস্টার্ট করুন। এখন স্ট্যাটাস বারের ডানে স্কোর আসবে। এখানে ক্লিক করে স্কোরওয়াচ মেন্যু থেকে চলতি সকল খেলার স্কোর দেখা যাবে তবে স্ট্যাটাস বারে যে খেলাটির স্কোর দেখতে চান Match List থেকে সেটির উপরে ক্লিক করলে সেই খেলাটির স্কোর স্ট্যাটাসবারে প্রদর্শন করবে এবং নিয়মিত হালনাগাদ হবে।

এছাড়াও Preference এ ক্লিক করে কত সময় পর পর হালনাগাদ করতে চান তা নির্ধারণ করে দিতে পারেন এবং Wicket Alert ও নির্বাচন করতে পারেন। ডিফল্ট হিসাবে ক্রিকইনফোর (www.cricinfo.com) স্কোর দেখায়। স্কোর সোর্স পরিবর্তন করতে পারেন স্কোরওয়াচ মেন্যুর Source এর ড্রপডাউন মেন্যু থেকে পরিবর্তন করলেই হবে। আর কোন চলতি খেলার পূর্ণাঙ্গ স্কোর দেখতে স্কোরওয়াচ মেন্যুর উক্ত খেলার ডানের Full scorecard বাটনে ক্লিক করলেই পেজটি খুলবে। ■